প্রথম আলো

এসিএম–আইসিপিসি এশিয়া আঞ্চলিক ঢাকা পর্ব ২০১৭

ঢাকা পর্বের বিজয়ীদের কথা

এস এম নজিবুল্লাহ চৌধুরী

১৩ নভেম্বর ২০১৭, ১২:২৮

আপডেট: ১৩ নভেম্বর ২০১৭, ১২:৩০

অতিথিদের সঙ্গে এসিএম–আইসিপিসি ঢাকা পর্ব ২০১৭–এর শীর্ষ তিন দলের সদস্যরা I সংগৃহীতঢাকায় হয়ে গেল বিশ্ববিদ্যালয়পড়ুয়া শিক্ষার্থীদের জন্য কম্পিউটার প্রোগ্রামিং-বিষয়ক প্রতিযোগিতা এসিএম আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (আইসিপিসি) ২০১৭-এর ঢাকা পর্ব। রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) ১০ নভেম্বর শুরু হয় দুই দিনের এই আয়োজন। প্রথম দিন প্রতিযোগিতার মহড়া অনুষ্ঠিত হয়। ১১ নভেম্বর সকাল ১০টায় শুরু হয় মূল প্রতিযোগিতা। চলে টানা পাঁচ ঘণ্টা।

এই প্রতিযোগিতায় ১১টি প্রোগ্রামিং সমস্যার মধ্যে দশটি সমাধান করে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দল ‘বুয়েট ড্রাক্যারিস’। এই বিশ্ববিদ্যালয়েরই আরেক দল ‘নেভার মাইন্ড’ প্রথম রানার্সআপ হয়েছে। দ্বিতীয় রানার্সআপ হয়েছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) দল ‘সাস্ট_টিমএক্স’। সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের চেয়ারম্যান শাহরিয়ার মঞ্জুর এই প্রতিযোগিতার বিচারকমণ্ডলীর পরিচালক ছিলেন।

ইউএপি আয়োজন করে এসিএম-আইসিপিসির ঢাকা পর্ব। এতে অংশ নেয় ১৫০টি দল। প্রতি দলে ছিলেন তিনজন করে প্রতিযোগী এবং একজন করে কোচ। ঢাকার এই প্রতিযোগিতায় বিজয়ী দুটি কিংবা তার বেশি দল আগামী বছরের এপ্রিল মাসে চীনে অনুষ্ঠেয় এসিএম-আইসিপিসির চূড়ান্ত পর্বে (ওয়ার্ল্ড ফাইনালস) অংশ নিতে পারবে বলে আয়োজকেরা আশা করছেন। প্রতিযোগিতার নিয়মানুযায়ী একই বিশ্ববিদ্যালয়ের দুটি দল চূড়ান্ত পর্বে অংশ নিতে পারে না। তাই দ্বিতীয় হয়েও বুয়েটের নেভার মাইন্ড দল অংশ নিতে পারবে না এসিএম-আইসিপিসির চূড়ান্ত পর্বে। তাই বুয়েট ড্রাক্যারিসের সঙ্গে সাস্ট_টিমএক্স দল চূড়ান্ত পর্বে অংশ নেওয়ার যে সুযোগ পাচ্ছে তা অনেকটাই নিশ্চিত। এই দুই দলের কথা থাকছে প্রতিবেদনে।

বুয়েট ড্রাক্যারিস

চ্যাম্পিয়ন

গত বছর এসিএম-আইসিপিসির ঢাকা পর্বে ‘বুয়েট রায়ো’ নামের যে দলটি চ্যাম্পিয়ন হয়, সে দলেরই সদস্য ছিলেন বুয়েট ড্রাক্যারিসের দুই সদস্য। তাঁরা হলেন তন্ময় মল্লিক ও নাজমুর রশীদ। বুয়েট রায়োর অপর সদস্য পাট চুকিয়েছে বলে নতুন দল গঠন করতে হয় তাঁদের। তবে নিজেদের ইচ্ছায় নয়। এসিএম-আইসিপিসির জন্য চলতি বছরের মাঝামাঝি সময়ে বুয়েটের শিক্ষকেরা প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করে। এরপর শিক্ষকেরা ঠিক করে দেন, কোন দলে কারা কারা থাকবেন। তন্ময় মল্লিক ও নাজমুর রশীদের সঙ্গে যুক্ত হয় তাঁদেরই বন্ধু মো. রিয়াজুল ইসলাম। এরা সবাই কম্পিউটার কৌশল বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র। বুয়েটের অধ্যাপক মো. কায়কোবাদ এই দলের কোচ।

তন্ময় মল্লিকের কাছে জানতে চেয়েছিলাম, পরপর দুবার চ্যাম্পিয়ন হওয়ায় কেমন লাগছে? খুশির চেয়ে বরং চ্যালেঞ্জ হিসেবে নিচ্ছেন বলে মনে হলো। বললেন, ‘এসিএম-আইসিপিসির মূল পর্বে গতবার ভালো করতে পারিনি। এবার ভালো করতে চাই।’ এবারই শেষবারের মতো অংশ নিচ্ছেন এই প্রতিযোগিতায়। কারণ, এই প্রতিযোগিতায় দুবারের বেশি অংশ নেওয়া যায় না।

প্রস্তুতি কেমন? ‘নিয়মিত অনুশীলন করছি’, তন্ময় মল্লিক বললেন। জানালেন, দল গঠনের পরই মূলত তাঁদের প্রস্তুতি শুরু হয়। তাঁদের মতো যাঁদের নিয়ে দল গঠন হলো, সবাইকে ঝালাই করে নিতে প্রতি সপ্তাহেই শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠরা নাকি প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করে থাকেন।

সাস্ট_টিমএক্স

দ্বিতীয় রানার্সআপ

গত ফেব্রুয়ারি মাসের কথা। শাবিপ্রবির শিক্ষকেরা শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করছিলেন। উদ্দেশ্য, প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশ নিয়ে শিক্ষার্থীরা যেন ভালো করতে পারে। এসব দলের মধ্যে সাস্ট_টিমএক্স নামের এই দল একটি। এই দলের সদস্য হিসেবে নির্বাচিত করা হয় শাবিপ্রবির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগের ছাত্র শাহরিয়ার মওদুদ আহমেদ খান, মো. কাজী নাইম ও মো. নাজিম উদ্দিনকে। মো. কাজী নাইম সম্প্রতি স্নাতক শেষ করেছেন। অপর দুই সদস্য চতুর্থ বর্ষের শিক্ষার্থী। শাবিপ্রবির সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইফুল ইসলাম এই দলের কোচ।

মওদুদ আহমেদ খান শাহরিয়ার জানান, দল গঠনের পর বিভিন্ন প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশ নেন তাঁরা। শুরুর দিকে খুব একটা ভালো করতে পারেননি। তবে ধীরে ধীরে উন্নতি করেছেন তাঁরা। এর প্রমাণও পাওয়া গেল এই প্রতিযোগিতার ফলাফলে। তাঁদের দল নয়টি সমস্যার সমাধান দিতে পেরেছে। মওদুদ বললেন, ‘পড়াশোনার পাশাপাশি এসিএম-আইসিপিসির চূড়ান্ত পর্বে ভালো করার জন্য এখন প্রস্তুতি নেব।’

শীর্ষ দশ দল

১. বুয়েট ড্রাক্যারিস

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

সদস্য: তন্ময় মল্লিক, মো. রিয়াজুল ইসলাম ও নাজমুর রশীদ

কোচ: মো. কায়কোবাদ

সমাধান: ১০টি

২. নেভার মাইন্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

সদস্য: আবদুল্লাহ আল মুনিম, রিপন রায় ও মাহাথির আহমেদ

কোচ: মো. সোহেল রহমান

সমাধান: ১০টি

৩. সাস্ট_টিমএক্স

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদস্য: মওদুদ আহমেদ খান শাহরিয়ার, মো. কাজী নাইম ও মো. নাজিম উদ্দিন

কোচ: মো. সাইফুল ইসলাম

সমাধান: ৯টি

৪. ডিইউ_ড্রাকস্লেয়ার্স

ঢাকা বিশ্ববিদ্যালয়

সদস্য: শাহেদ শাহরিয়ার, সৌরভ সেন তন্ময় ও রেজওয়ান মাহমুদ

কোচ: মো. মফিজুল ইসলাম

সমাধান: ৯টি

৫. বুয়েট_ব্লাড হাউন্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

সদস্য: তানভীর মুত্তাকিন, আশিকুল ইসলাম ও অর্ঘ্য পাল

কোচ: রিফাত শাহরিয়ার

সমাধান: ৮টি

৬. বুয়েট_উয়াইন্ডিংস

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

সদস্য: জাওয়াদ আবদুল্লাহ, রাফিদ বিন মোস্তফা ও মো. সোলাইমান
কোচ: সাইফুল ইসলাম
সমাধান: ৮টি

৭. বুয়েট নেফারিয়াস
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
সদস্য: সাদ মো. জুনায়েদ, রায়হান দেওয়ান ধ্রুব ও ফাহিম ফেরদৌস
কোচ: শরীফ আহমেদ
সমাধান: ৮টি

৮. এনএসইউ ভেন্ডেট্টা
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়
সদস্য: তরঙ্গ খান, হাসিব আল মোহায়মেন ও লাবিব মো. রাশিদ
কোচ: মো. সাজ্জাদ হোসাইন
সমাধান: ৮টি

৯. ডিইউ_ডিওয়াইএস ফাংশনাল
ঢাকা বিশ্ববিদ্যালয়
সদস্য: মুনতাসীর ওয়াহেদ, নাহিয়ান আশরাফ ও শারমিন মাহজাবীন
কোচ: ইফফাত আনজুম
সমাধান: ৮টি

১০. ডিইউ_ইনসেপশন
ঢাকা বিশ্ববিদ্যালয়
সদস্য: মো. শাহাদত হোসাইন, তানজীর ইসলাম ও মিসবাহ তানভীর
কোচ: তমাল অধিকারী
সমাধান: ৮টি
ঢাকা পর্বের পূর্ণ ফলাফল